Memorial Sloan Kettering
Cancer Center

রোগী এবং শুশরূষাকারীর শিক্ষা

# আপনার ইমপ্লান্ট করা পোটর্ সম্পকির্ত তথয্

এতে আপনার ইমপ্লান্ট করা পোটর্, পোটর্ স্থাপন করা এবং পোটের্র যত্ন নেওয়ার বয্াপারে সুস্পষ্ট তথয্ রয়েছে। একটি ইমপ্লান্ট করা পোটর্কে পর্ায়ই মেডিপোটর্ বা পোটর্-এ-কয্াথ (port-a-cath) বলা হয়। এমন একটি পোটর্ আপনার শিরাকে কয্ান্সার চিকিৎসার সময় রক্ষা করে।

## ইমপ্লান্ট করা পোটর্ কী?

ইমপ্লান্ট করা পোটর্ হলো এক ধরনের সেন্টর্াল ভেনাস কয্াথেটার (CVC)। CVC হলো একটি নমনীয় নল যা আপনার শিরাগুলোর মধেয্ একটিতে স্থাপন করা হয়।

আপনার বাহুতে থাকা শিরা হতেও বড় শিরায় আপনাকে ঔষধ নিতে হতে পারে। আপনার পোটর্টি ঔষধকে শিরার মাধয্মে আপনার রক্তের পর্বাহে পর্বেশ করতে দেয়। ঔষধ সেবনের জনয্ এটি আপনাকে একটানা কয়েকদিন বয্বহারের পর্য়োজন হতে পারে।

এমন একটি পোটর্ বারবার পর্বেশজনিত সমসয্া থেকে আপনার শিরাগুলোকে রক্ষা করে। এমন একটি পোটর্ আপনার পরিচযর্াকারী দলের নিম্নোক্ত কাজসমূহকে সহজ করে তোলে:


- রক্তের নমুনা সংগর্হ করতে।
- আপনার শিরায় (IV) ঔষধ পর্বেশ করাতে। এটি এরুপ ঔষধ যা আপনার শিরাগুলোর মধেয্ একটিতে স্থাপন করা হয়েছে। কিছু IV ঔষধ, যেমন- অয্ানেস্থেথসিয়া এবং কয়েক ধরনের কেমোথেরাপি (কেমো), অবশয্ই একটি বড় শিরার মধয্ দিয়ে যেতে হয়।
- আপনাকে IV তরল পর্দান করতে।
- আপনাকে প্লেটিলেট এবং প্লাজমার মতো IV রক্তজাতীয় উপাদান পর্বেশ করাতে।
- আপনাকে IV কন্টর্াস্ট পর্দান করাতে। এটি একটি বিশেষ রঞ্জক যা আপনার সব্াস্থয্ সেবাদানকারীকে আপনার অভয্ন্তরীণ অঙ্গসমূহ আরও ভালোভাবে দেখতে সাহাযয্ করে৷

আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনাকে জানাবেন যে এরুপ একটি পোটর্ নেওয়া আপনার এবং

আপনার চিকিৎসার জনয্ সবের্াত্তম কি না।

একজন সাজর্ন বা ইন্টারভেনশনাল রেডিওলজিস্ট (যাকে IR ডাক্তারও বলা হয়) আপনার পোটর্ স্থাপন করবেন। একজন IR ডাক্তার হলেন এমন ডাক্তার যিনি ছবি-নিদের্শিত পদ্ধতির উপর বিশেষজ্ঞ। তারা সাধারণত আপনার বুকে আপনার পোটর্ স্থাপন করবেন। কোনো পোটর্ কখনও কখনও শিরার পরিবতের্ আপনার উপরের বাহুতে স্থাপন করা হতে পারে। আপনার পোটর্ কোথায় স্থাপন করা হবে তা সম্পকের্ আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনার সাথে আলোচনা করবেন।

বুকে স্থাপন করা পোটর্গুলো সাধারণত আপনার ডান কলারবোনের কেন্দের্র পর্ায় 1 ইঞ্চি (2.5 সেন্টিমিটার) নিচে থাকে (চিতর্ 1 দেখুন)। এটি আপনার শিরায় সবর্পেক্ষা সরাসরি ঔষধ পর্বেশের সুযোগ করে দেয়। আপনি বর্া পরে থাকলে আপনার বর্ার স্টর্য্াপটি থেকে আপনার পোটর্ পর্ায় 1 ইঞ্চি দূরে হবে।



চিতর্ 1. পোটের্র সামনের দৃশয্ (বাম) এবং পোটের্র পাশব্র্দৃশয্ (ডান)

আপনার পোটর্ আপনার তব্ককে পর্ায় ½ ইঞ্চি (1.2 সেন্টিমিটার) উঁচু করতে পারে। আপনি আপনার তব্কের মধেয্ এটিকে অনুভব করতে পারেন। বেশিরভাগ লোক বলতেই পারবে না যে আপনার শরীরে এমন একটি পোটর্ আছে। আপনার পোটর্ মেটাল ডিটেক্টরে বেজে উঠবে না।

আপনার পোটর্টি বছরের পর বছর ধরে জায়গামতো থাকতে পারে। যখন আপনার আর পর্য়োজন থাকবে না তখন আপনার সব্াস্থয্ সেবাদানকারী পোটর্টি সরিয়ে নেবেন। সংকর্ামিত হলেও তারা এটি সরিয়ে নেবে। আপনার পর্য়োজন হলে আপনি পরে অনয্ পোটর্ স্থাপন করতে পারেন।


## আপনার ইমপ্লান্ট করা পোটের্র অংশ

ইমপ্লান্ট করা পোটের্র অংশসমূহ হলো পোটর্, সেপ্টাম এবং কয্াথেটার (চিতর্ 2 দেখুন)।

### পোটর্ ও সেপ্টাম

পোটর্টি হলো কয্াথেটারের মধয্ দিয়ে তরল পর্বাহের সূচনা বিন্দু। এটি আপনার তব্কের নিচে থাকে এবং এর একটি উত্থিত কেন্দর্ রয়েছে যাকে সেপ্টাম বলা হয়। এটি পোটের্র সেই অংশ যেখানে সুই লাগানো হবে। একে অয্াক্সেস পয়েন্টও বলা হয়।

সেপ্টাম একটি নিজে থেকে সীল করা রাবারের উপাদান থেকে তৈরি। পোটের্ সুইয়ের সাহাযয্ ছাড়া কোনো কিছু পর্বেশ করতে পারে না। সুই অপসারণ করা হলে সেপ্টাম বন্ধ হয়ে যায়।




চিতর্ 2. আপনার পোটের্র অংশসমূহ

### কয্াথেটার

কয্াথেটার হলো একটি পাতলা, নমনীয় প্লাস্টিকের নল। এর এক পর্ান্ত আপনার পোটের্র সাথে সংযুক্ত থাকে। অনয্ পর্ান্তটি আপনার শিরায় স্থাপিত হয়।

## ইমপ্লান্ট করা পোটের্র পর্কারভেদ


পোটর্সমূহের আকার বৃত্ত, ডিমব্াকৃতি বা তির্ভুজের মতো হতে পারে। আপনার পোটর্ একটি Mediport®, BardPort®, PowerPort®, বা Port-A-Cath® ধরনের হতে পারে। এগুলো একক লুমেন পোটর্ বা ডবল লুমেন পোটর্ হতে পারে (চিতর্ 3 দেখুন)। আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনার এবং আপনার চিকিৎসার জনয্ সবের্াত্তম পোটর্টি বেছে নেবেন।

### একক লুমেন পোটর্

একটি একক লুমেন পোটের্ 1টি অয্াক্সেস পয়েন্ট রয়েছে। বেশিরভাগ মানুষ একক লুমেন পোটর্ বয্বহার করেন।

### ডাবল লুমেন পোটর্

একটি ডাবল লুমেন পোটের্ 2টি অয্াক্সেস পয়েন্ট রয়েছে। আপনি পর্তিটি অয্াক্সেস পয়েন্টে একটি সুই পর্বেশ করাতে পারেন। চিকিৎসার জনয্ 1টি পয়েন্টের বেশি অয্াক্সেসের পর্য়োজন হলে আপনি একটি ডাবল লুমেন পোটর্ বয্বহার করতে পারেন।




চিতর্ 3. একক (বাম) এবং ডাবল (ডান) লুমেন পোটর্

### পাওয়ার-ইনজেক্টেবল পোটর্

ইমেজিং পরীক্ষার সময় বয্বহার করার জনয্ বেশিরভাগ ইমপ্লান্ট করা পোটর্কে তৈরি করা হয়। এগুলোতে কম্পিউটেড টমোগর্াফি (CT) স্কয্ান বা ময্াগনেটিক রেজোনয্ান্স ইমেজিং (MRI) অন্তগর্ত। এই পোটর্সমূহ আপনাকে উচ্চ গতির ইনজেকশন (শট) নিতে সহায়তা করে। এগুলোকে পাওয়ার-ইনজেক্টেবল পোটর্ বলা হয় (চিতর্ 4 দেখুন)।

আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনাকে জানাবেন যে আপনার শরীরে পাওয়ার-ইনজেক্টেবল পোটর্ রয়েছে কি না। তারা আপনাকে আপনার পোটর্ সমব্লিত তথয্ সহ একটি ওয়ালেট কাডর্ও পর্দান করবেন। এই কাডর্টি সব সময় সাথে রাখবেন।



চিতর্ 4. একক (বাম) এবং ডাবল (ডান) পাওয়ার-ইনজেক্টেবল পোটর্

## আপনার ইমপ্লান্ট করা পোটর্ স্থাপন পর্কিরয়ার পূবের্ কী করতে হবে

আপনার পর্কিরয়ার পর্ায় 1 সপ্তাহ আগে, আপনি পর্কিরয়া টিমের সাথে একটি পর্কিরয়া পূবর্ ভিজিটের জনয্ দেখা করবেন। এই ভিজিটের সময়, তারা আপনাকে আপনার নতুন পোটর্ এবং

কিভাবে এটির যত্ন নিতে হবে তা সম্পকের্ বিস্তারিত শিখিয়ে দেবেন। শেখার জনয্ আপনার সাথে আপনার পরিবারের একজন সদসয্ বা বন্ধু থাকবে।

## আপনার ওষুধ সম্পকের্ জিজ্ঞাসা করুন

পর্কিরয়্ার আগে আপনাকে আপনার কিছু ওষুধ খাওয়া বন্ধ করতে হতে পারে, যেমন:

- ভিটামিন ই।
- অয্াসপিরিন।
- অয্ান্টিকোয়াগুলয্ান্টস (রক্ত পাতলা করে)
- ডায়াবেটিসের ইনসুলিন বা অনয্ানয্ ওষুধ।
- ওজন হর্াস করার ওষুধ

কোন ওষুধগুলো বন্ধ করলে আপনার কোনো অসুবিধা হবে না সে সম্পকের্ আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

আপনি যদি অনয্ কোনো ওষুধ সেবন করেন তাহলে আপনার পর্কিরয়্ার আগে ওষুধগুলি সেবন বন্ধ করা উচিত কি না তা পের্সকর্াইব করা ডাক্তারকে জিজ্ঞাসা করুন।

আপনি যদি সকালে কোনো ওষুধ খান তাহলে আপনার পর্কিরয়্ার আগে কোন ওষুধগুলি সেবন করা যাবে তা সম্পকের্ আপনার ডাক্তারের সাথে কথা বলুন। আপনার ডাক্তার আপনার পর্কিরয়্ার পরে আপনাকে কিছু ওষুধ সেবন করার জনয্ অপেক্ষা করতে বলতে পারেন।

### ওজন হর্াস করার ওষুধ

যদি আপনি ওজন কমানোর জনয্ ওষুধ খান (যেমন GLP-1 ওষুধ), তাহলে আপনার পদ্ধতি নিধর্ারণকারী সব্াস্থয্সেবা পর্দানকারীর সাথে কথা বলুন। আপনার পদ্ধতির আগে তাদের কী করতে হবে তা জিজ্ঞাসা করুন। আপনার পদ্ধতির আগে এটি গর্হণ বন্ধ করতে হতে পারে, বিভিন্ন খাওয়া-দাওয়ার নিদের্শাবলী অনুসরণ করতে হতে পারে, অথবা উভয়ই। আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর নিদের্শাবলি মেনে চলুন।

ওজন কমানোর কিছু ওষুধের উদাহরণ আমরা নিচে তালিকাভুক্ত করেছি। আরও কিছু আছে, তাই নিশ্চিত করুন যে আপনার সেবাদানকারী দল আপনার গর্হণ করা সমস্ত ওষুধ সম্পকের্ জানে। এর মধেয্ কিছু ডায়াবেটিস নিয়ন্তর্ণে সাহাযয্ করার জনয্ বয্বহার করা হয় কিন্তু কখনও কখনও শুধুমাতর্ ওজন কমানোর জনয্ নিধর্ারিত হয়।

- Semaglutide (Wegovy®, Ozempic®, Rybelsus®)
- Tirzepatide (Zepbound®, Mounjaro®)
- Dulaglutide (Trulicity®)
- Liraglutide (Saxenda®, Victoza®)

### আপনার পর্কিরয়ার সময়টি নোট করুন

একজন কমরী আপনার পর্কিরয়ার আগের দিন দুপুর 2টা থেকে 4টার মধেয্ আপনাকে কল করবেন। আপনার পর্কিরয়া সোমবারের জনয্ শিডিউল করা হলে তারা আপনাকে আগের শুকর্বারে কল করবেন। আপনি যদি বিকেল 4টা পযর্ন্ত কল না পান তাহলে 212-639-5948 নমব্রে কল করুন।

পর্কিরয়ার জনয্ আপনাকে কখন হাসপাতালে আসতে হবে তা কমরী আপনাকে জানাবেন। আপনাকে কোথায় যেতে হবে সেটিও তারা স্মরণ করিয়ে দেবে।

সমস্ত MSK অবস্থানে পাকির্ং বিষয়ক তথয্ এবং দিকনিদের্শনা পেতে www.msk.org/parking ভিজিট করুন।

## আপনার ইমপ্লান্ট করা পোটর্ স্থাপন পর্কিরয়ার জনয্ কিভাবে পর্স্তুতি নেবেন

আপনার পোটর্ স্থাপন পর্কিরয়ার অপারেটিং রুমে করা হবে। কিভাবে পর্স্তুত হতে হবে তা সম্পকের্ আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনাকে জানাবেন।

### আপনার তব্ক থেকে ডিভাইস অপসারণ করুন

আপনি আপনার তব্কে কিছু ডিভাইস লাগাতে পারেন। আপনার স্কয্ান বা পর্কিরয়াটি আগে, কিছু ডিভাইস পর্স্তুতকারকগণ আপনাকে আপনার নিম্েনাক্তগুলো অপসারণের পরামশর্ দিচ্েছন:

- কন্টিনিউয়াস গ্লুকোজ মনিটর (CGM)
- ইনসুলিন পাম্প

আপনার ডিভাইস পরিবতর্ন করার তারিখের কাছাকাছি সময়ে আপনার অয্াপয়েন্টমেন্টের সময় নিধর্ারণ সম্পকের্ আপনার সব্াস্থয্ সেবাদানকারীর সাথে কথা বলুন। আপনার স্কয্ান বা পর্কিরয়ার পরে লাগাতে আপনার সাথে একটি বাড়তি ডিভাইস আছে তা নিশ্চিত করুন।

আপনার ডিভাইস বন্ধ থাকা অবস্থায় আপনার গ্লুকোজ কিভাবে পরিচালনা করবেন তা সম্পর্কে আপনি নিশ্চিত নাও হতে পারেন। এমনটি হলে, আপনার অ্যাপয়েন্টমেন্টের আগে আপনার ডায়াবেটিসের যত্ন নেওয়া স্বাস্থ্য সেবাদানকারীর সাথে কথা বলুন।

## আপনাকে বাসায় নিয়ে যাওয়ার জন্য কাউকে ঠিক করে রাখুন

আপনার প্রক্রিয়ার পরে আপনাকে বাসায় নিয়ে যাওয়ার জন্য আপনার সঙ্গে অবশ্যই একজন দায়িত্বশীল পরিচর্যা সহযোগীকে থাকতে হবে। দায়িত্বশীল পরিচর্যা সহযোগী হলেন এমন ব্যক্তি যিনি আপনাকে নিরাপদে বাসায় নিয়ে যেতে সহায়তা করতে পারেন। তাদের কোনো উদ্বেগ থাকলে তারা যেন আপনার পরিচর্যাকারী দলের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার প্রক্রিয়ার আগের দিন নিশ্চিতভাবে বিষয়টির পরিকল্পনা করে রাখুন।

আপনাকে বাসায় নিয়ে যাওয়ার জন্য আপনার যদি দায়িত্বশীল পরিচর্যা সহযোগী না থাকে তবে নিচের একটি এজেন্সিকে কল করুন। আপনাকে সঙ্গে করে বাসায় নিয়ে যাওয়ার জন্য তারা কাউকে পাঠাবে। এই পরিষেবার জন্য চার্জ করা হয় এবং আপনাকে যাতায়াতের ব্যবস্থা করতে হবে। ট্যাক্সি বা গাড়ি পরিষেবা ব্যবহার করা যেতে পারে, কিন্তু তবুও আপনার সাথে কোনো দায়বদ্ধ পরিচর্যা সহযোগীকে থাকতে হবে।

**নিউ ইয়র্কের এজেন্সিসমূহ**

VNS হেলথ: 888-735-8913

পরিচর্যাকারী ব্যক্তিবর্গ: 877-227-4649

**নিউ জার্সিতে এজেন্সিসমূহ**

পরিচর্যাকারী ব্যক্তিবর্গ: 877-227-4649

# আপনার পোর্ট স্থাপন প্রক্রিয়ার আগের দিন কী কী করতে হবে

## খাওয়া-দাওয়ার নির্দেশনা



**আপনার সার্জারির আগের রাতে, বিশেষ করে মধ্য রাত (রাত 12টা) থেকে খাওয়া বন্ধ করুন।** এর মধ্যে শক্ত ক্যান্ডি এবং গামও অন্তর্ভুক্ত।

কখন খাওয়া বন্ধ করবেন, সে ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীরা অন্য নির্দেশনা দিয়ে থাকতে পারে। এরকম হলে, তাদের নির্দেশনা মেনে চলুন। কিছু লোকের ক্ষেত্রে তাদের সার্জারি শুরুর আগে দীর্ঘ সময় ধরে উপবাস (না খাওয়া) থাকতে হয়।

# আপনার পোর্ট স্থাপন প্রক্রিয়ার দিন কী কী করতে হবে

## পান করার নির্দেশনা

আপনার আগমনের 2 ঘণ্টা আগে এবং মধ্যরাতের মধ্যে শুধুমাত্র নিচের তালিকাভুক্ত তরল পান করুন। আর কোনো কিছু খাবেন না বা পান করবেন না। আপনার আগমনের 2 ঘণ্টা আগে পান করবেন না।

- জল।
- আপেলের স্বচ্ছ জুস, আঙ্গুরের স্বচ্ছ জুস বা ক্র্যানবেরির স্বচ্ছ জুস।
- Gatorade বা Powerade।
- ব্ল্যাক কফি বা সাধারণ চা। চিনি দিলেও কোনো সমস্যা নেই। আর কিছু দেবেন না।
  - কোনো ধরনের দুধ বা ক্রিমার দেবেন না। এর মধ্যে উদ্ভিজ্জ দুধ এবং ক্রিমার অন্তর্ভুক্ত।
  - মধু মেশাবেন না।
  - স্বাদযুক্ত কোনো সিরাপ যোগ করবেন না।

আপনার ডায়াবেটিস থাকলে, পানীয়তে আপনার চিনির পরিমাণ নিয়ন্ত্রিত রাখুন। আপনি যদি এইসব পানীয়ের চিনি-ছাড়া, কম-চিনি বা কোনো চিনি নেই এমন উপাদানগুলো পান করেন তাহলে আপনার রক্তের গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণে রাখা সহজ হবে।

সার্জারির আগে শরীরে জল থাকা ভালো তাই, তৃষ্ণা পেলে পান করুন। প্রয়োজনের চাইতে বেশি পান করবেন না। সার্জারির সময় আপনি শিরায় (IV) তরল পাবেন।



**আপনার আগমনের 2 ঘণ্টা আগে পান করবেন না**। পানিও এতে অন্তর্ভুক্ত।

কখন পান করা বন্ধ করবেন, সে ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীরা অন্য নির্দেশনা দিয়ে থাকতে পারে। এরকম হলে, তাদের নির্দেশনা মেনে চলুন।

## ওষুধের নির্দেশাবলী

আপনার প্রক্রিয়ার দিন সকালে আপনার ডাক্তার আপনাকে যে ওষুধগুলি নিতে বলেছে শুধু সেগুলিই নিন। কয়েক চুমুক জল দিয়ে সেগুলি খান।

## যে জিনিসগুলি মনে রাখতে হবে

- আপনি আপনার প্রক্রিয়ার আগে স্বাভাবিকভাবে গোসল করতে পারেন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আগের রাতে হিবিক্লেন্স নামে একটি বিশেষ সাবান দিয়ে

গোসল করতে বলতে পারেন। তারা যদি তা করতে বলেন. তাহলে বিদয্মান "অয্যান্টিসেপটিক তব্ক পরিষ্কারক (যেমন- Hibiclens) দিয়ে গোসল করা" বিষয়ক রিসোসর্ সেকশনের নিদের্শনাবলী পড়ুন।

- কোনো ধরনের লোশন, কির্ম, পাউডার, ডিওডোরেন্ট, মেকআপ, পাউডার, পারফিউম বা কোলোন লাগাবেন না।
- আপনি যদি কন্টয্াক্ট লেন্স পরেন তাহলে তার পরিবতের্ চশমা পরুন। আপনার পর্কিরয়্ার সময় কন্টয্াক্ট লেন্স পরা আপনার চোখের ক্ষতি করতে পারে।
- কোনো ধাতব বস্তু পরবেন না। শরীরে ফুটো করে পরা গহনা সহ সমস্ত গহনা খুলে রাখুন। আপনার পর্কিরয়্ার সময় বয্বহৃত সরঞ্জামগুলি ধাতুর স্পেশের্ পুড়ে যেতে পারে।
- (কের্ডিট কাডর্ এবং গহনার) মতো মূলয্বান বস্তু বাড়িতে রেখে যান।
- আপনি অপারেটিং রুমে যাওয়ার আগে আপনাকে কিছু আইটেম রেখে যেতে হবে। এর মধ্যে রয়েছে শর্বণ যন্তর, দাঁতের যন্তর, কৃতির্ম যন্তর(গুলি), পরচুলা এবং ধমর্ীয় গর্ন্থসমূহ।

## কী আনতে হবে

- আপনার চশমা, যদি আপনি তা পরেন।
- আপনার পর্কিরয়্ার পরে ঢিলেঢালা, আরামদায়ক পোশাক পরতে হবে।
- যদি আপনি গাড়িতে করে বাড়ি থেকে আসেন সেক্েষতের্ একটি ছোট বালিশ বা তোয়ালে নিয়ে আসতে পারেন। সিটবেল্ট থেকে আপনার ক্ষত (সাজির্কয্াল কাটা) সুরক্িষত রাখতে আপনি এটি বয্বহার করতে পারেন।
- আপনার সব্াস্থয্ সেবার পর্কি্স ফরম এবং অনয্ানয্ আধুনিক নিদের্শাবলী, যদি আপনি সেগুলি পূরণ করে থাকেন।
- আপনার ওষুধ, যদি আপনি কোনোটি সেবন করে থাকেন।

## আপনি পৌঁছানোর পর কী অবস্থার সম্মুখীন হবেন

অনেক কমর্ী আপনাকে আপনার নাম এবং জন্ম তারিখ বলতে ও বানান করতে বলবেন। এটি আপনার নিরাপত্তার জনয্। একই বা অনুরূপ নামের লোকদের একই দিনে পোটর্ স্থাপনের দিন হতে পারে।

ইতোমধ্যে করে না থাকলে, MyChart-এর রোগীর পোটর্ালে কিছু সংক্িষপ্ত পর্শ্েনর উত্তর আপনাকে দিতে হবে।

আপনাকে একটি কয্াথেটারের মাধয্মে উত্তেজনা-পর্শমনকারী (আপনাকে শান্ত হতে সাহাযয্

করার জনয্ ঔষধ) দেওয়া হবে। কয্াথেটারটি আপনার বাহু বা হাতে একটি IV হতে পারে। আপনার আগে থেকে থাকলে এটি একটি CVCও হতে পারে, যেমন- পেরিফেরালি ইনসাটের্ড সেন্ট্রাল কয্াথেটার (PICC)। আপনাকে সেবাদানকারী দলের একজন সদসয্ আপনার পোটর্ স্থাপনের পূবের্ আপনার সাথে এ বয্াপারে আলোচনা করবেন।

আপনার পোটর্ স্থাপনের সময় হলে একজন কমর্ী আপনাকে পোটর্ স্থাপন কক্ষে নিয়ে আসবেন।

### একজন নাসের্র সাথে দেখা করুন

আপনার পর্কির্য়ার আগে একজন নাসের্র সাথে আপনি দেখা করবেন। মধয্রাতের (রাত 12টা) পরে আপনি কোনো ওষুধ সেবন করে থাকলে সেগুলোর ডোজ এবং কখন গর্হণ করেছেন তা তাদেরকে বলুন। পের্সকির্পশন, ওভার-দয্-কাউন্টার ওষুধ, পয্াচ এবং কির্ম থাকলে তা উল্লেখ করুন।

আপনার নাসর্ আপনার একটি শিরায় একটি ইন্টারভেনাস (IV) লাইন লাগাতে পারে যা সাধারণত আপনার বাহুতে বা হাতে। যদি আপনার নাসর্ IV না লাগায় তাহলে আপনার অয্ানেস্থেসিওলজিস্ট এটি পর্কির্য়া রুমে লাগেবেন।

## একজন অয্ানেস্থেসিওলজিস্টের সাথে দেখা করুন

এছাড়াও আপনি একজন অয্ানেস্থিওলজিস্টের (A-nes-THEE-zee-AH-loh-jist) সাথে দেখা করবেন। একজন অয্ানেস্থেসিওলজিস্ট হলেন এমন একজন ডাক্তার যিনি অয্ানেস্থেসিয়া বিষয়ে বিশেষভাবে পর্শিক্ষণপর্াপ্ত। আপনার পর্কির্য়ার সময় তারা আপনাকে অয্ানেস্থেসিয়া দেবেন। এছাড়াও তারা যা করবেন:

- আপনার সাথে আপনার চিকিৎসার বিস্তারিত পযর্ালোচনা করবেন।
- অতীতে অয্ানেস্থেসিয়া নিয়ে আপনার কোনো সমসয্া হয়েছে কি না তা জানতে চাইবেন। এর মধেয্ বমি বমি ভাব (ভিতর থেকে কোনো কিছু উগরে দিচ্ছেন বলে মনে হওয়া) অথবা বয্থা অন্তভুর্ক্ত।
- আপনার পর্কির্য়ার সময় আপনার আরাম এবং সুরক্ষা সম্পকের্ আপনার সাথে কথা বলবেন।
- আপনি যে ধরনের অয্ানেস্থেসিয়া নেবেন তা সম্পকের্ আপনার সাথে কথা বলবেন।
- অয্ানেস্থেসিয়া সম্পকির্ত আপনার পর্শ্নের উত্তর দেবেন।


## অপারেটিং রুমের ভিতরের অবস্থা

আপনি অপারেটিং রুমে পর্বেশ করার পর, আপনার সব্াস্থয্ সেবাদানকারী লোকাল অয্ানেস্থেসিয়ার ইনজেকশন (আপনাকে একটি শট দেবেন) দেবেন। লোকাল অয্ানেস্থেসিয়া হলো আপনার শরীরের একটি অংশকে অসাড় করার ওষুধ। আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনার ঘাড়

এবং বুকে অয্যানেস্থেশিয়ার ইনজেকশন দেবেন।

আপনার পোটর্ স্থাপন করার জনয্ আপনাকে জেনারেল অয্যানেস্থেশিয়ারও পর্য়োজন হতে পারে। জেনারেল অয্যানেস্থেসিয়া হলো এমন ঔষধ যা আপনার পোটর্ স্থাপন পর্কির্য়া চলাকালীন আপনাকে ঘুমাতে সাহাযয্ করে।

আপনার ডাক্তার আপনার ঘাড়ের গোড়ায় একটি ছোট ফুটো (সাজির্কয্াল কাট) করবেন (চিতর্ 5 দেখুন)। এটি পর্ায় 1 থেকে 1.5 ইঞ্চি (2.5 থেকে 4 সেন্টিমিটার) লমব্া হবে। তারা আপনার বুকে, কলারবোনের নিচে পর্ায় 0.5 ইঞ্চি (1 সেন্টিমিটার) লমব্া একটি দিব্তীয় ছোট ফুটো করবেন। তারপর, তারা আপনার তব্কের নিচে একটি পকেট তৈরি করবেন। এটি আপনার পোটর্কে যথাস্থানে ধরে রাখতে সাহাযয্ করবে।




চিতর্ 5. পোটর্ বসানোর জনয্ ফুটোর জায়গা

আপনার সব্াস্থয্ সেবাদানকারী দিব্তীয় ফুটো তৈরির মাধয্মে কয্াথেটারটি স্থাপন করবেন এবং এটিকে আপনার শিরার সাথে সংযুক্ত করবেন।

সেবাদানকারী দল আপনার শরীরে করা ফুটো বন্ধ করতে সূচার (সেলাই) বা Dermabond® নামক অস্েতর্াপচারের আঠা বয্বহার করবেন। আপনার শরীরে সেলাই থাকলে সেগুলো আপনার শরীরেই মিলিয়ে যাবে। আপনাকে সেগুলো অপসারণ করার পর্য়োজন হবে না। তারা স্েটরি-স্িটর্পসTMও বয্বহার করতে পারেন। এগুলো হলো অস্েতর্াপচারের টেপের ছোট, পাতলা স্িটর্প যা সব্াভাবিক বয্ান্েডজের চেয়ে শক্িতশালী।

আপনার পোটর্ স্থাপন পদ্ধতিটিতে পর্ায় 1 ঘণ্টা সময় লাগার কথা।

# আপনার পোটর্ স্থাপন পর্কির্য়ার পরে কী কী করতে হবে

## পোস্ট-অয্যানেস্থেসিয়া কেয়ার ইউনিট (PACU)-এ

আপনার পর্কিরয়ার পরে আপনি যখন জেগে উঠবেন তখন আপনি PACU-তে থাকবেন। একজন নাসর্ আপনার তাপমাতর্া, নাড়ি, রক্তচাপ এবং অক্সিজেনের মাতর্া পযর্বেক্ষণ করতে থাকবেন। আপনি আপনার নাকের নিচে অংশে একটি টিউব দিয়ে অথবা আপনার নাক ও মুখের মাঝখানে একটি মাস্কের মাধয্মে অক্সিজেন নিতে পারেন। এছাড়াও আপনার পায়ের নিচের অংশে কম্পের্শন বুট থাকবে।

আপনি বয্থা অনুভব করলে নাসর্কে বলুন। বয্থার জনয্ তারা আপনাকে ওষুধ দিতে পারে।

আপনাকে কতক্ষণ PACU-তে থাকতে হতে পারে সে বয্াপারে আপনার নাসর্কে জিজ্ঞাসা করুন। আপনার কখন বাড়িতে যাওয়া নিরাপদ তা পরিচযর্াকারী দল আপনাকে জানাবে। আপনার সাথে যাওয়ার জনয্ আপনার একজন দায়িতব্শীল পরিচযর্াকারীর পর্য়োজন হবে।

আপনি হাসপাতাল ছাড়ার আগে আপনার নাসর্ আপনার IV অপসারণ করে নেবেন। তারা আপনাকে ডের্সিং পরিবতর্ন এবং বাড়িতে নিজের যত্ন কিভাবে নিতে হবে তা বয্াখয্া করবে।

# কিভাবে আপনার ফুটো করা জায়গার যত্ন নেবেন

আপনার বুকে ছোট ফুটোটি ঢেকে একটি বয্ান্ডেজ থাকবে। আপনার পর্কিরয়ার 48 ঘণ্টা (2 দিন) পরে আপনি এই বয্ান্ডেজটি খুলে ফেলতে পারেন।

আপনার শরীরে করা ফুটোর জায়গাগুলোতে এবং যেখানে কয্াথেটারটি আপনার তব্কের নিচে টানেল করা হয়েছিল সেখানে আপনি বয্থা বা যন্তর্ণা অনুভব করতে পারেন। এই বয্থা 1 থেকে 2 দিনের মধেয্ ভালো হয়ে যাওয়ার কথা। পর্য়োজন হলে আপনি ওভার-দয্-কাউন্টারে বয্থার ওষুধ (যে ওষুধ আপনি পের্সকির্পশন ছাড়া পাবেন) নিতে পারেন। কিছু ক্ষতও আপনি লক্ষয্ করতে পারেন।

সিটবেল্ট আপনার শরীরে করা ফুটোর স্থানগুলোর উপর চাপ দিতে পারে। এ বয্াপারে সাহাযয্ করার জনয্ আপনি স্টর্য্াপ এবং আপনার শরীরের মাঝখানে একটি ছোট বালিশ বা ভাঁজ করা তোয়ালে রাখতে পারেন।

## সেলাইয়ের মাধয্মে শরীরে করা ফুটো বন্ধ করা

আপনার শরীরে করা ফুটোগুলো সেলাই দিয়ে বন্ধ করা হলে:

- আপনার ফুটোগুলোকে ঢেকে 2টি ছোট বয্ান্ডেজ থাকবে।
- আপনার বয্ান্ডেজগুলো 48 ঘণ্টার জনয্ বা যতক্ষণ পযর্ন্ত আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনাকে রাখতে বলেন ততক্ষণ পযর্ন্ত রাখুন।
- আপনার বয্ান্ডেজকে ভিজাবেন না। আপনার বয্ান্ডেজ খোলা হয়ে গেলে আপনি গোসল করতে

পারেন।

## ডামর্াবন্ড (Dermabond)-এর মাধয্মে শরীরে করা ফুটো বন্ধ করা

আপনার শরীরে করা ফুটোগুলো সেলাই দিয়ে বন্ধ করা হলে:

- আপনার শরীরে করা ফুটোগুলোকে ঢেকে রাখতে আপনি টেপ বা বয্ান্ডেজের ছোট টুকরো বয্বহার করতে পারেন।
- লোশন লাগাবেন না বা টেপ বা বয্ান্ডেজের উপরে আঠালো কিছু রাখবেন না।
- ডামর্াবন্ড (Dermabond) বয্বহার করবেন না বা আঁচড়াবেন না। এটি পর্ায় 7 থেকে 10 দিন পরে নিজে থেকেই ভালো হয়ে যাবে।
- যতদিন না আপনার শরীরে করা ফুটোগুলো ভালো হয়ে যায় ততদিন কিভাবে নিরাপদে গোসল করতে হয় সে বয্াপারে আপনার পরিচযর্াকারী দল আপনাকে নিদের্শ দেবে।

আপনার পোটের্র উপরের তব্কের কোনো বিশেষ যত্ন নেওয়ার পর্য়োজন নেই। আপনি সব্াভাবিকভাবে এটিকে ধুয়ে ফেলতে পারেন। আপনার পরিচযর্াকারী দল স্টেরি-স্টির্প্স বয্বহার করে থাকলে এগুলো 7 থেকে 10 দিনের মধেয্ নিজে নিজেই পড়ে যাবে।

আপনার পোটর্ মেটাল ডিটেক্টরে বেজে উঠবে না।

### স্নান ও গোসল করা

- আপনার পর্কির্য়ার পর পর্থম 24 ঘণ্টা আপনার বয্ান্ডেজটি শুকনা রাখুন। আপনার বয্ান্ডেজটি না ভিজিয়ে আপনি স্পঞ্জ স্নান করতে পারেন।
- আপনার পর্কির্য়ার 48 ঘণ্টা (2 দিন) পরে আপনি গোসল করতে পারেন। বাথটাব বা পুলে ডুব দেবেন না। পর্কির্য়ার 1 থেকে 2 সপ্তাহ পরে আপনি স্নান শুরু করতে পারেন। কখন এটি করা নিরাপদ তা আপনার ডাক্তার আপনাকে জানিয়ে দেবেন। আপনার পোটর্ অয্াক্সেসযোগয্ না হলেই আপনি বাথটাব বা পুলের জলে সম্পূণর্ভাবে ডুব দিতে পারবেন।
- বাড়িতে থাকাকালীন আপনার পোটর্ অয্াক্সেসযোগয্ হলে:
    - জলরোধী কোনো ড্রের্সিং (যেমন- Aquaguard®) দিয়ে পোটের্র উপরে পরিষ্কার ড্রের্সিং ঢেকে দিন। এটি কিভাবে বয্বহার করতে হবে সে বিষয়ে আপনার নাসর্ আপনাকে নিদের্শনা দিতে পারেন।
    - সংকর্মণ থেকে সুরকি্ষত থাকতে পর্তিদিন হিবিক্লেন্স দিয়ে গোসল করুন। এই রিসোসের্র শেষে বিদয্মান "অয্ান্টিসেপটিক তব্ক পরিষ্কারক (যেমন- Hibiclens) দিয়ে গোসল করা" বিষয়ক নিদের্শনাবলী অনুসরণ করুন।

- ধোয়ার সময়, পোটর্ সাইটের চারপাশে আপনার তব্কের বয্াপারে সতকর্ থাকুন। সাবান দিয়ে আলতো করে ধুতে পারেন, তবে ওয়াশক্লথ বা বর্াশ বয্বহার করবেন না। আপনার তব্ক ভালোভাবে ধুয়ে কোনো নরম তোয়ালে দিয়ে মুছে ফেলুন।

- আপনার পর্কির্য়ার 2 সপ্তাহ পরে আপনি স্নান ও গোসলের সময় ওয়াশক্লথের বয্বহার শুরু করতে পারেন। সম্পূণর্ নিরাময় না হওয়া পযর্ন্ত জায়গাটি স্কর্াব করা এড়িয়ে চলুন। এটি সাধারণত আপনার পর্কির্য়ার পর্ায় 6 সপ্তাহ পর।

### আপনার পর্কিরয়ার পরে শারীরিক কাযর্কলাপ


আপনার ফুটো নিরাময়ের সময় আপনি কোন ধরনের বয্ায়াম ও চলাফেরা করতে পারবেন তা আপনার সব্াস্থয্সেবা পর্দানকারী আপনাকে জানিয়ে দেবেন। যেকোনো বয্ায়াম শুরু করার আগে আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীর সাথে যোগাযোগ করুন, যেমন:

- দৌড়ানো।
- স্েটর্চিং।
- 10 পাউন্ড (4.5 কিলোগর্াম)-এর বেশি কোনো কিছু উত্েতালন করা।
- কন্টয্াক্ট স্েপাটর্স, যেমন- ফুটবল খেলা।

# আপনার ইমপ্লান্ট করা পোটের্র অয্াক্েসস পাওয়া

আপনার IV শের্ণির কোনো তরল বা ঔষধের পর্য়োজন হলে আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনার পোটের্ অয্াক্েসস করবেন। তারা অয্াক্েসস পয়েন্েটর মধয্ দিয়ে একটি সুই স্থাপন করে এ কাজটি করবে (চিতর্ 6 দেখুন)। তরল বা ঔষধ আপনার পোটর্ থেকে কয্াথেটারের মাধয্মে এবং আপনার রক্তপর্বাহে পর্বেশ করবে।

**শুধুমাতর্ পোটর্ তত্তব্াবধানে পর্শিক্ষিত সব্াস্থয্ সেবাদানকারীদের আপনার পোটের্ অয্াক্েসস করা উচিত।**




চিতর্ 6. আপনার পোটের্র অয্াক্েসস পাওয়া

আপনার পোটর্টি স্থাপনের দিনই হয়তো আপনার পরিচযর্াকারী দলকে পোটের্ অয্াক্েসস করতে

হতে পারে। এরুপ অয্াকে্সস করতে হলে আপনার পোটর্ স্থাপন করার পর তারা সেপ্টামে একটি অয্াকে্সস সুই ঢুকাবে।

আপনার পোটের্ পর্বেশ করার সময় সুই এবং পোটর্ একটি বিশেষ বয্ান্ডেজ (ডের্সিং) দব্ারা আবৃত থাকবে (চিতর্ 7 দেখুন)। সুইকে জায়গায় রাখতে ডের্সিং সাহাযয্ করবে। উপরের কাটা জায়গার উপর একটি ছোট বয্ান্ডেজও থাকতে পারে। এটি যখন আর বয্বহৃত হচে্ছ না তখন আপনার পোটের্র উপর বয্ান্ডেজের পর্য়োজন নেই।



চিতর্ 7. আপনার পোটের্র উপর ডের্সিং

## আপনার ইমপ্লান্ট করা পোটর্ ফ্লাশ করা

এটি বয্বহার করার সময় আপনার পোটর্ নিজে থেকেই ফ্লাশ হয়। এটি আর বয্বহার না করা কালীন আপনাকে কমপকে্ষ পর্তি 12 সপ্তাহ অন্তর পোটর্ ফ্লাশ করতে হবে। আপনার অয্াপয়েন্টমেন্ট কখন হবে তার উপর নিভর্র করে, একজন নাসর্ আপনার পোটর্টি পর্ায়শই ফ্লাশ করতে পারেন। এটি করার জনয্, তারা আপনার পোটের্ একটি সুই পর্বেশ করাবেন। তারা আপনার কয্াথেটারে সয্ালাইন (জীবাণুমুক্ত লবণ পানি) পর্বেশ করাবেন। এটি এ উদ্দেশয্ করা হয় যাতে কয্াথেটার ব্লক না হয়। আপনার কয্াথেটার ব্লক থাকলে কাজ নাও করতে পারে। এরুপ ঘটলে আপনাকে আপনার পোটর্ অপসারণ করতে হতে পারে।

## আপনার পোটর্ অপসারণ

আপনার আর পোটের্র পর্য়োজন না হলে বা এটি সংকর্ামিত হলে আপনার সব্াস্থয্ সেবাদানকারী আপনার পোটর্টি অপসারণ করতে পারে। আপনার পোটর্ অপসারণ সম্পকির্ত আরও তথয্ জানতে আপনার সব্াস্থয্ সেবাদানকারীর সাথে কথা বলুন।

# কখন আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীকে ফোন করতে হবে

- আপনার পেটের্র স্থানে বয্থা নতুন করে বা বৃদ্ধি পেতে থাকলে।
- আপনার পেটের্র স্থানে ফোলা বা কর্মবধর্মান ক্ষত থাকলে।
- যদি আপনার শরীরে করা ফুটো(গুলো) থেকে পুঁজ বা তরল আসে।
- আপনি যদি লক্ষয্ করেন যে আপনার শরীরে করা ফুটো(গুলো) উষ্ণ, নরম, লাল, জব্ালাপোড়া বা উন্মুক্ত হয়ে গেছে।
- আপনার যদি 100.4° ফা (38° সে) বা তার বেশি জব্র থাকে।
- আপনার ঠাণ্ডা লাগলে।

## যোগাযোগের তথয্

আপনার কোনো পর্শ্ন থাকলে আপনার তত্তব্াবধানকারী দলের একজন সদসেয্র সাথে সরাসরি যোগাযোগ করুন। আপনি যদি MSK-এর একজন রোগী হন এবং সপ্তাহিক ছুটির দিনে বিকেল 5টার পরে একজন সেবাদানকারীর সাথে আপনি যোগাযোগ করতে চাইলে 212-639-2000 নমব্রে কল করুন। কথা বলার সময় ইন্টারভেনশনাল রেডিওলজি ফেলোর খোঁজ করুন।

# অয়্যান্টিসেপটিক তব্ক পরিষ্কারক (যেমন- Hibiclens ) দিয়ে গোসল করুন।

4% CHG দর্বণ অয়্যান্টিসেপটিক তব্ক পরিষ্কারক দিয়ে গোসল করার জনয্ এই নিদের্শনাবলি অনুসরণ করুন৷ অয়্যান্টিসেপটিক রোগ সৃষ্টিকারী জীবাণুকে ধব্ংস করে ফেলে।

1. আপনার নিয়মিত শয্াম্পু এবং কন্ডিশনার দিয়ে আপনার চুল ধুয়ে ফেলুন। আপনার মাথা ভালো করে ধুয়ে ফেলুন।
2. আপনার নিয়মিত বয্বহাযর্ সাবান দিয়ে আপনার মুখ ও যৌনাঙ্গের (কুঁচকি) আশপাশ ধুয়ে নিন। গরম জল দিয়ে শরীর ভালো করে ধুয়ে ফেলুন।
3. 4% CHG দর্বণের বোতলটি খুলুন। সামানয্ পরিমাণ আপনার হাতে বা পরিষ্কার একটি ধোয়া কাপড়ে ঢালুন।
4. ঝরনা ধারা থেকে দূরে রাখুন। আপনার ঘাড় থেকে পা পযর্ন্ত আপনার দেহে 4% CHG দর্বণটি আলতোভাবে ঘষুন। আপনার মুখে বা যৌনাঙ্গে এটি দেবেন না।
5. 4% CHG দর্বণটি ধুয়ে ফেলতে পুনরায় ঝরনা ধারার নিচে যান। গরম জল বয্বহার করুন।
6. একটি পরিষ্কার তোয়ালে দিয়ে নিজেকে মুছে নিন।

গোসলের পর কোনো পর্কার লোশন, কির্ম, ডিওডোরেন্ট, মেকআপ, পাউডার, পারফিউম বা কোলোন লাগাবেন না।

আরো রিসোসের্র জনয্ www.mskcc.org/pe-এ ভিজিট করে আমাদের ভাচুর্য়াল লাইবের্রি দেখুন।


Memorial Sloan Kettering Cancer Center কতৃর্ক সবর্সব্তব্ সংরক্ষিত